সংবাদ

তারিখ ২৬.১১.০৮
পৃষ্ঠা ১১ কলাম ৬

### চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট

# ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ : আহত ১৫

চট্টগ্রাম ব্যুরো

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে গতকাল সোমবার চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রলীগের বিবদমান দু'গ্রুপের সংঘর্ষে অন্তত ১৫ জন আহত হয়েছে। এদের মধ্যে ৩ জনের অবস্থা গুরুতর। এরা হলো- প্রথম বর্ষের ছাত্র মো. সাইফুদ্দিন রাজু (২২), দ্বিতীয় বর্ষের মো. ইব্রাহিম (২০) ও প্রথম বর্ষের গাজী মোহাম্মদ (২০)। এদের চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্ররা অভিযোগ করেন, রিপন-সুমন ও জাহিদের নেতৃত্বে ছাত্রলীগের দুটি গ্রুপের মধ্যে ক্যাম্পাসে আধিপত্য বিস্তার নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল। ওই বিরোধের সূত্র ধরে ইনস্টিটিউটের হলে এবং ক্যাম্পাসে দু'পক্ষ প্রায়ই সংঘর্ষে লিপ্ত হয়। গতকাল দু'পক্ষের সমর্থক ছাত্রদের মধ্যে কথা কাটাকাটির একপর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। রাত সাড়ে ৮টার সময়ও ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছিল।